25 MAR 2016
... ২ ... কলাম ... ৮ ...

দৈনিক
জনকণ্ঠ

# বিশ্বসেরা ৫০ নেতার মধ্যে দশম শেখ হাসিনা



বিডিনিউজ ॥ যুক্তরাষ্ট্রের সাময়িকী ফরচুনের করা বিশ্বের প্রভাবশালী শীর্ষ নেতাদের তালিকায় স্থান করে নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। টাইম কর্পোরেশনের বাণিজ্যবিষয়ক সাময়িকীটি বৃহস্পতিবার এই তালিকা প্রকাশ করেছে, যাতে রাজনীতি, ব্যবসা, সাংস্কৃতিক অঙ্গনে তাঁদের চেয়ে শীর্ষ ৫০ জনের নাম উঠে এসেছে। এই তালিকায় দশম স্থানে রয়েছে শেখ হাসিনার নাম। প্রতিবেশী রাষ্ট্র মিয়ানমারের নেত্রী অং সান সু চি রয়েছেন তৃতীয় স্থানে। নারীদের মধ্যে সবার শীর্ষে রয়েছেন জার্মান চ্যান্সেলর এ্যাঙ্গেলা মেরকেল। শীর্ষ স্থানে থাকা আমাজনের প্রধান নির্বাহী কর্মকর্তা জেফ বেজোসের পরই রয়েছেন তিনি। তালিকার প্রায় অর্ধেকই নারী। এই প্রথম একসঙ্গে ২৩ নারী সেরা ব্যক্তিদের তালিকায় এসেছেন। এছাড়া নবম স্থানে রয়েছেন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্টের নারী বিচারপতি রুথ ব্যাডার গিনসবার্গ। তালিকায় চতুর্থ স্থানে রয়েছেন ক্যাথলিক ধর্মগুরু পোপ ফ্রান্সিস।

তারপরের স্থানগুলোতে রয়েছেন যথাক্রমে এ্যাপলের প্রধান নির্বাহী কর্মকর্তা টিম কুক, গায়ক জন লেজেন্ড, (২ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## বিশ্বসেরা ৫০

*(প্রথম পৃষ্ঠার পর)*

জাতিসংঘের জলবায়ু বিষয়ক কর্মকর্তা ক্রিশ্চিয়ানা ফিগেরেস, যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের স্পীকার পল রিয়ন।

তালিকা তৈরির বিষয়ে ফরচুন বলেছে ব্যবসা, সরকার, মানবতাবোধ, কলা সব ক্ষেত্রে এই নারী ও পুরুষরা নিজেরা যেমন বিশ্বকে বদলাচ্ছেন তেমনি অন্যদেরও উদ্বুদ্ধ করছেন। ৫০ জনের এই তালিকায় মুসলিম দেশগুলোর মধ্যে একমাত্র শেখ হাসিনাই রয়েছেন। মুসলিম একটি দেশে নারীর ক্ষমতায়ন এবং নারী শিক্ষা বিস্তারে শেখ হাসিনার কৌশলী পদচারণার বিষয়টি তুলে ধরেছে ফরচুন।

বাংলাদেশের নারীদের ৩০ শতাংশের কমপক্ষে মাধ্যমিক শিক্ষার সুযোগ লাভ এবং নারী-পুরুষ বৈষম্য কমানোর ক্ষেত্রে দক্ষিণ এশিয়ায় সবার ওপরে বাংলাদেশের উঠে আসার দিকটিও শেখ হাসিনার কৃতিত্ব হিসেবে দেখছে ফরচুন।

৬৮ বছর বয়সী শেখ হাসিনা তৃতীয় দফায় বাংলাদেশের সরকার প্রধানের দায়িত্ব পালন করছেন। প্রায় তিন যুগ ধরে দেশের সবচেয়ে বড় রাজনৈতিক দলের নেতৃত্ব দিচ্ছেন তিনি।